

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায় - ঈশ্বর ও নবীগণ বিষয়ক অশোভনীয়তা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৬. ১. ২৯. ৯. প্রতিমা-প্রতিকৃতির পক্ষে না বিপক্ষে

হিজরত/ যাত্রাপুস্তক ২০/৪: "তুমি তোমার জন্য খোদাই করা মূর্তি তৈরি করো না; উপরিস্থ বেহেশতে, নিচস্থ দুনিয়াতে ও দুনিয়ার নিচস্থ পানির মধ্যে যা যা আছে, তাদের কোন মূর্তি তৈরি করো না।" (মো.-১৩)

এর বিপরীতে হিজরত/যাত্রাপুস্তক ২৫/১৮-১৯ (মো.-১৩): "আর তুমি সোনার দু'টা কারুরী (cherubims) নির্মাণ করবে; গুনাহ আবরণের দুই কিনারায় পিটান কাজ দ্বারা তাদেরকে নির্মাণ করবে এক প্রান্তে এক কারুবী ও অন্য প্রান্তে অন্য কারুবী।"

করব বা কারুবী (cherub pl, cherubim), ইহুদি-খ্রিষ্টান ধর্মবিশ্বাস অনুসারে কাল্পনিক স্বর্গীয় শিশু, পশু, পাখি বা দিতীয় সারির দেবদূত, যারা দেবতাদের সিংহাসন বহন করে বলে কল্পনা করা হয়। তাহলে প্রথম শ্লোকে ঈশ্বর স্বর্গ থেকে পৃথিবীর তলদেশ পর্যন্ত কোনো স্থানের কোনো কিছুর প্রতিমা বানাতে নিষেধ করলেন। এরপরই আবার স্বর্গের শিশু বা দেবদূতের প্রতিমা বানিয়ে দুটো পিড়িতে বসিয়ে রাখতে বললেন!

Source — https://www.hadithbd.com/books/link/?id=14305

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন